

## মডেল প্রশ্ন

এইচ এস সি পরীক্ষা - 2014

বিষয় : অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল ১ম পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান—১০০

## ক বিভাগ

- ১। সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? একটি উৎপাদন সম্ভাবনা রেখার সাহায্যে সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ১২  
অথবা,  
বাংলাদেশে স্বল্প মাথাপিছু আয়ের কারণগুলো আলোচনা কর। কিভাবে আমাদের মাথাপিছু আয় বৃদ্ধি করা যায়।
- ২। অপেক্ষক কাকে বলে? নিম্নের চাহিদা অপেক্ষক থেকে চাহিদাসূচি ও চাহিদারেখা অংকন কর।  $Q_d = 50 - 5p$ , যেখানে,  $Q_d =$  চাহিদার পরিমাণ,  $p =$  দাম। ১২  
অথবা,  
শ্রমিক সংঘ বলতে কী বোঝায়? শ্রমিক সংঘের কার্যাবলি ব্যাখ্যা কর।
- ৩। সমালোচনাসহ জাতীয় আয় বন্টনের প্রান্তিক উৎপাদনশীলতার তত্ত্বটি ব্যাখ্যা কর। ১২  
অথবা,  
মূলধন গঠন বলতে কী বোঝায়? মূলধন গঠন কী কী বিষয়ের উপর নির্ভর করে।
- ৪। অর্থের পরিমাণ তত্ত্বের ফিশারীয় ভাষ্যটি সমালোচনাসহ ব্যাখ্যা কর। ১২  
অথবা,  
সরকারি অর্থব্যবস্থা কাকে বলে? বাংলাদেশ সরকারের আয়ের উৎসসমূহের বর্ণনা দাও।
- ৫। পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কাকে বলে? এই বাজারের একটি ফার্মের স্বল্পকালীন ভারসাম্য ব্যাখ্যা কর। ১২  
অথবা,  
আন্তর্জাতিক বাণিজ্য কাকে বলে। 'আন্তর্জাতিক' বাণিজ্যের গুরুত্ব ব্যাখ্যা কর।

## খ - বিভাগ

- ৬। ধনতাত্ত্বিক অর্থ ব্যবস্থার বৈশিষ্ট্য কী কী? ৫  
অথবা,  
ভূমির বৈশিষ্ট্যগুলো কী?
- ৭। চাহিদার স্থিতিস্থাপকতা কী ৫  
অথবা,  
অনুপার্জিত আয় কী?

- ৮। পরিবর্তক ও পরিপূরক দ্রব্য কাকে বলে? ৫  
অথবা,  
সুদ কেন দেওয়া হয়?
- ৯। করের আপাত ভার ও চূড়ান্ত ভার বলতে কী বোঝায়? ৫  
অথবা,  
লেনদেন ভারসাম্য বলতে কী বোঝায়?
- ১০। সঞ্চয় ও বিনিয়োগের মধ্যে সম্পর্ক কী? ৫  
অথবা,  
অবাধ বাণিজ্যের পক্ষে যুক্তিগুলো কী?
- ১১। মুদ্রাস্ফীতি কাকে বলে? ৫  
অথবা,  
দ্রব্য বিনিময় প্রথার অসুবিধা কী কী?
- ১২। মোট মুনাফা ও নীট মুনাফার মধ্যে পার্থক্য কী? ৫  
অথবা,  
শ্রমের দক্ষতা কাকে বলে?
- ১৩। ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি কী? ৫  
অথবা,  
বাংলাদেশের অর্থনীতির বেসরকারি খাতসমূহ কী?